

## প্রেস অফিসার এর বার্তা

ভূমির ইতিহাস অতি প্রাচীন ইতিহাস। ভূমির সাথে মানুষের সম্পর্ক অত্যন্ত নিবিড়। ভূমিকে কেন্দ্র করে গড়ে উঠেছে মানব সভ্যতা। ভূমি মানুষের জীবনের চেয়েও বেশী প্রিয়। সঠিক ভূমি ব্যবস্থাপনা দেশ ও জাতির জন্য অতিব গুরুত্বপূর্ণ। বাংলাদেশে ভূমি ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে আসছে ভূমি মন্ত্রণালয়। ভূমি মন্ত্রণালয়ের অধীনে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর মানুষের ভূমির মালিকানা স্বত্ত্ব নির্ধারণ করে পর্চা, খতিয়ান ও নক্সা প্রণয়ন করে। যা ভূমির মালিকানা স্বত্ত্ব নিশ্চিত করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেটেলমেন্ট প্রেস খতিয়ান এন্ড্রি, সংশোধনসহ চূড়ান্ত প্রকাশনার মত অতিব গুরুত্বপূর্ণ কাজটি অত্যন্ত দক্ষতার সাথে সম্পন্ন করে। সঠিক ভূমি ব্যবস্থাপনা ও রেকর্ড এর ক্ষেত্রে সেটেলমেন্ট প্রেস এর গুরুত্ব অপরিসিম।

বর্তমান সরকার স্মার্ট বাংলাদেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ বিনির্মাণে কাজ করছে। এ লক্ষ্য অর্জনের জন্য ভূমি রেকর্ড ব্যবস্থাপনার আধুনিকায়ন জরুরি। ভূমি জরিপে চালু করা হয়েছে ডিজিটাল পদ্ধতি। ডিজিটাল পদ্ধতিতে অনলাইনে খতিয়ান মুদ্রণ, নক্সা মুদ্রণ ও নক্সা প্রস্তুত করণ চলছে। এক্ষেত্রে সেটেলমেন্ট প্রেসও ডিজিটাল পদ্ধতিতে অতি দ্রুততার সাথে নির্ভুলভাবে খতিয়ান মুদ্রণ করছে।

ডিজিটাল ভূমি রেকর্ড ব্যবস্থাপনার মাধ্যমে স্মার্ট বাংলাদেশ ও উন্নত বাংলাদেশ গঠনে সহায়তা করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। সেটেলমেন্ট প্রেসের সেবার মানোন্নয়নে মতামত ও সদয় সহযোগীতা কামনা করছি।

মোঃ সাজেদুর রহমান

প্রেস অফিসার

সেটেলমেন্ট প্রেস

তেজগাঁও, ঢাকা-১২০৮।